

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ৩০৩/ইফানে/ম:ম:/নেত্রকোণা সদর/২০২৩/৩২৩

তারিখ: ১২ অক্টোবর ২০২৩ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন নেত্রকোণা কর্তৃক বাস্তবায়নাধীন নেত্রকোণা সদর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত উল্লিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদবী	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১	১৫,০০০/-	(ক) স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান হতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণির কামিল/দাওরায়ে হাদীস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। (গ) আরবীতে কথা বলা ও আরবীতে উপস্থিত বক্তৃতা প্রদান এবং ইসলামী বিষয়ে গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১	১০,০০০/-	(ক) স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান হতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী মাদ্রাসার সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদেম	০২	৭,৫০০/-	(ক) স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান হতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী মাদ্রাসার সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ পূর্বক সভাপতি, উপজেলা মডেল মসজিদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা, বরাবর আবেদন করতে। শুধুমাত্র ডাক/কুরিয়ার যোগে আগামী ১৫ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদন উপজেলা নিবাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণায় পৌঁছাতে হবে।
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি, (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ ও (ঙ) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত ছবি দাখিল করতে হবে। আবেদন ও খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৫ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স হতে হবে ২৫ হতে ৪৫ বছর।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/স্বাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে উপজেলা ওয়েব পোর্টাল ([www.netrokonasadar.netrokona.gov.bd](http://www.netrokonasadar.netrokona.gov.bd)) ও প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- আবেদনপত্রের সাথে পেশ ইমাম পদের জন্য ৫০০/- (পাঁচশত), মুয়াজ্জিন পদের জন্য ৪০০/- (চারশত) ও খাদেম পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নিবাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা বরাবরে দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগের জন্য কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করলে, আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হওয়ার পর বিষয়টি প্রমানিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
12.10.2023

(তানিয়া তাবাসসুম)

উপজেলা নিবাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ

নেত্রকোণা সদর, নেত্রকোণা।